দৈনিক বাংলা

তারিখ 02 SEP 1990
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

আইন আদালত

# বিআইটি-এর দু'জন ছাত্রের বহিষ্কারাদেশ অবৈধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১লা সেপ্টেম্বর।– হাইকোর্ট ডিভিশন বেঞ্চ এক রায়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি)–এর দু'জন ছাত্রের বহিষ্কারাদেশকে অবৈধ এবং তাদের যে পরীক্ষা নেয়া হয়েছিল তা বৈধ বলে ঘোষণা দিয়েছে।

আবদুর রউফ ও মাহমুদুল আমিনের সমন্বয়ে গঠিত বেঞ্চ গত ২৮শে আগস্ট এই রায় প্রদান করেন। ছাত্রদের পক্ষে মামলা পরিচালনা করেন ডঃ কামাল হোসেন, ব্যারিস্টার আমীরুল ইসলাম ও এডভোকেট খলিলুর রহমান। বিআইটি'র পক্ষে মামলা পরিচালনা করেন এডভোকেট খান্তগীরআহমেদ।

গত বছর ২৯ ও ৩০শে জুলাই চট্টগ্রাম বিআইটিতে সংঘটিত সন্ত্রাসী ঘটনার পর বিভাগীয় তদন্তে শান্তনু তালুকদার ও খোরশেদ উদ্দিন বাদলকে ৫ বছরের জন্য বহিষ্কারাদেশ দেয়া হয়েছিল।